



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

৭ ফাল্গুন ১৪৩০

তারিখ: _____

২০ ফেব্রুয়ারি ২০২৪

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদ্‌যাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রশাসন শাখার ০৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের স্মারক-৫৩.০০.০০০০.২১১.২৩.০০৩.২০.১৪০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বর্ণিত স্মারকের সূত্রে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে আগামী ২১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বুধবার ফাইন্যান্স কোম্পানির ভবনসমূহে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। সূর্যোদয়ের সময়ে পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে।

৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আসাদুজ্জামান খান)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮।